ঝিনাইদহে বিনামুল্যে গরুর বাছুর বিতরণ

গাভী পালনের মাধ্যমে নারীদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ঝিনাইদহে অসহায়-দুস্থ নারীদের মাঝে বিনামুল্যে গরুর বাছুর বিতরণ করা হয়েছে।

আজ রোববার সকালে সদর উপজেলার হরিশংকরপুর ইউনিয়নের বাকড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের বিশেষ বরাদ্ধ’র অর্থায়নে ও যৌথ অগ্রসরমান সৃজক সংস্থা (জাগোর) বাস্তবায়নে ওই এলাকার ১০ জন অসহায়-দুস্থ নারীদের মাঝে গরুর বকনা বাছুর বিতরণ করা হয়।
এডাব ঝিনাইদহ জেলা শাখার সভাপতি মিজানুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. জিল্লুর রহমান এনডিসি। বিশেষ অতিথি ছিলেন কৃষক বন্ধু সমাজকল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক আবু সাঈদ সিকদার, হরিশংকরপুর ইউনিয়নের নারী ইউপি সদস্য সালমা খাতুন, জাগোর নির্বাহী পরিচালক সাজ্জাদুল শরীফ, নির্বাহী সদস্য সাইফুল ইসলাম সদস্য মজনুর রহমান, প্রকল্প সমন্বয়ক এস এম নাজির আরিফিন। অনুষ্ঠানে আলোচনা সভা শেষে হরিশংকরপুর ইউনিয়নের ৩ টি গ্রামের ১০ জন দুস্থ নারীদের মাঝে বকনা বাছুর বিতরণ করেন প্রধান অতিথি ড. জিল্লুর রহমান এনডিসি।

শৈলকুপায় বিদ্যুৎ বিভাগের অবহেলায় প্রাণ গেলো লাইনম্যানের

ঝিনাইদহের শৈলকুপায় বিদ্যুৎ বিভাগের অবহেলা বিদ্যুৎস্পৃষ্টে প্রাণ গেলো বিদ্যুৎ অফিসের লাইনম্যান খালেক হোসেন (৩২)। এ ঘটনায় আহত হয়েছে আরও এক লাইনম্যান সোহেল রানা।

আজ রোববার সকালে উপজেলার মির্জাপুর ইউনিয়নের সাধুখালি গ্রামে এ ঘটনা ঘটে। মৃত খালেক হোসেন কুষ্টিয়া সদর উপজেলার কুমারগাড়া গ্রামের নাজিম উদ্দিনের ছেলে।

স্থানীয়রা জানায়, সাধুখালী গ্রামের বিদ্যুতের ট্রান্সফরমার মেরামতের কাজ করছিলো শেখপাড়া বিদ্যুৎ অফিসে কর্মরত লাইনম্যান সোহেল রানা ও আব্দুল খালেক। মেরামতের সময় বিদ্যুতের কন্ট্রোলরুমে ফোন দিয়ে উপরে ওঠে লাইনম্যান সোহেল রানা। কিন্তু বিদ্যুৎ বন্ধ না থাকায় বিদ্যুতায়িত হয় সোহেল। নিচ থেকে লাইনম্যান খালেক ফোন করে আবারো বিদ্যুৎ বন্ধ করতে বলে উপরে উঠে সোহেলকে উদ্ধার করতে যায়। সেসময় কন্ট্রোল থেকে আবারো বিদ্যুৎ চালু করে দেওয়া হয়। এতে বিদ্যুতায়িত হয়ে ঘটনাস্থলেই খালেক হোসেন মারা যায়। আহত সোহেল রানাকে উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে। তবে তারও শারিরীক অবস্থা গুরুতর বলে জানিয়েছে চিকিৎসক।

এ ব্যাপারে শৈলকুপা পল্লী বিদ্যুতের ডিজিএম মিজানুর রহমান বলেন, লাইন বন্ধ করে কাজ চলছিলো। কিন্তু কিভাবে বিদ্যুৎস্পৃস্ট হলো তা তদন্ত স্বাপেক্ষে জানা যাবে।

শৈলকুপা থানার ওসি সফিকুল ইসলাম চৌধুরী বলেন, বিদ্যুৎস্পৃষ্টে একজন লাইনম্যান মারা গেছে শুনেছি। মৃত্যুর কারণ নিয়ে তদন্ত করা হচ্ছে।

ঝিনাইদহে সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত

ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি-২০২৩-২৪ এর আওতায় ঝিনাইদহে সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বিকালে জেলা ক্রীড়া অফিসের আয়োজনে জেলা শহরের ভূটিয়ারগাতি প্রাথমিক স্কুল সংলগ্ন পুকুরে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

পূর্বাঞ্চল সুইমিং ক্লাবের সাধারণ সম্পাদক তরিকুল ইসলাম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা ক্রীড়া অফিসার মিজানুর রহমান।

এছাড়াও উপস্থিত ছিলেন ক্রীড়াবিদ জয়নাল আবেদীন, ক্রীড়া শিক্ষক সুমাইয়া পারভীন, উপজেলা ও জেলা ক্রীড়া অফিসসহ জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ। এতে ২০ টি ইভেন্টে ৪০ জন ক্ষুদে সাঁতারু অংশগ্রহণ করে।

ঝিনাইদহের নারী লোভী প্রতারক আসিফ কারাগারে

বিয়ে করা তার নেশা। বিয়ে করে কয়েকমাস রেখে আবারো শুরু করে অন্য নারীর সাথে যোগাযোগ। গোপনে চালায় প্রেমের সম্পর্ক। পরে আগের স্ত্রীকে তালাক দিয়ে আবারো বিয়ে করেন তিনি। এভাবেই বিয়ে করেছেন অন্তত ৪ টি। বিয়ে করে স্ত্রীদের কাছ থেকে যৌতুক আদায় আর ভালোবাসার অভিনয় করে তাদের টাকা আত্মসাৎ করায় তার উদ্দেশ্যে। যৌতুকলোভী প্রতারক আসিফ ইকবাল (২৯)। তিনি সাতক্ষীরার কলারোয়া উপজেলার রামভদ্রপুর গ্রামের আকরাম আলীর ছেলে। অবশেষে ৩য় স্ত্রীর করা যৌতুক মামলায় বুধবার বিকেলে কারাগারে পাঠিয়েছে আদালত।

জানা যায়, আফিস ইকবাল বর্তমানে ঢাকা ব্যাংক’র চট্টগ্রাম শাখায় ট্রেইনি এ্যাসিস্টেন্ট ক্যাশ অফিসার পদে কর্মরত। ২০১৬ সালে এক স্কুলছাত্রীকে ধর্ষণ করে। পরিবারের পক্ষ থেকে ধর্ষণ মামলা করলে সেই মামলায় কারাগারে যায় আসিফ। পরে ওই মেয়েকে বিয়ে করার পর পরিবার থেকে মামলা তুলে নিলে ছাড়া পায় সেই। কিন্তু বিয়ের কিছুদিন পরই সেই মেয়েকে ডিভোর্স দিয়ে দেয়। এরপর বিভিন্ন নারীদের সাথে আবারো প্রেমের সম্পর্কে জড়িয়ে পড়ে আসিফ। ২০২০ সালে বিশ্ববিদ্যালয় পড়ুয়া এক ছাত্রীকে বিয়ে করে সে। বিয়ের কিছুদিন পর আবারো নারীদের সাথে সম্পর্কে জড়ায় নারীলোভী আসিফ। ২য় স্ত্রী থাকা অবস্থায় আবারো বিয়ের জন্য উঠেপড়ে লাগে আসিফ।

২০২১ সালের ২৬ জুলাই ২য় স্ত্রী থাকা অবস্থায় বিষয়টি গোপন করে

ঝিনাইদহের বনানীপাড়ার ফাতেমাকে বিয়ে করে আসিফ। বিয়ের পর স্ত্রীকে নিয়ে ঝিনাইদহে অবস্থান করে প্রতারক আসিফ। ২য় স্ত্রী থাকা অবস্থায় আবারো বিয়ের বিষয়টি জানাজানি হওয়ার পর ২য় স্ত্রীকে ডিভোর্স দেয় সে। ফাতেমাকে বিয়ের কিছুদিন পর আবারো পরকীয়ায় আসক্ত হয়ে পড়ে। সর্বশেষ তার কাছ থেকে যৌতুক দাবী করা শুরু করে। যৌতুক না দিলে শারিরীক ও মানসিক নির্যাতন শুরু করে নারীলোভী আসিফ। যৌতুক না পেয়ে ফেব্রুয়ারি মাসে ফাতেমাকে ডিভোর্স দিয়ে দেয়। পরে আবারো উম্মে হাবীবা প্রান্তি নামে এক মেয়েকে বিয়ে করে।

৩য় স্ত্রী ফাতেমা বলেন, আসিফ একজন নারীলোভী, প্রতারক ও যৌতুক লোভী। ২য় স্ত্রী থাকা অবস্থায় আমাকে বিয়ে করে। আমার পর আরও এক মেয়েকে বিয়ে করেছে। তার নেশায় যেন বিয়ে করা। এমনকি ৪র্থ বিয়ে করা অবস্থায় ফেসবুকে এক মেয়ের সাথে পরিচয় হয়েছে তাকেও বিয়ে করার কথা বলেছে। আমার কাছ থেকে যৌতুক না পেয়ে আমাকে ডিভোর্স দিয়েছে। আমি মামলা করেছি সেই মামলায় আদালতের বিচারক তাকে কারাগারে পাঠিয়েছে। আমি ওর দৃষ্টান্তমুলক শাস্তি চাই। আর যেন কোন নারীর জীবন সে নষ্ট করতে না পারে সে জন্য আমি ওর উপযুক্ত বিচার চাই।

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মিন্টুর মুক্তির দাবীতে মানববন্ধন

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুর মুক্তির দাবীতে সম্মিলিত সাংস্কৃতিক জোটের আয়োজনে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২০ জুন) সকালে শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করা হয়। সম্মিলিত সাংস্কৃতিক জোটের আয়োজনে এ কর্মসূচীতে ঝংকার নাট্য গোষ্ঠী, গণশিল্পী, কেসি কলেজ থিয়েটার, অরণী সাংস্কৃতিক সংসদ, নবগঙ্গা সাংস্কৃতিক জোট, বিহঙ্গ সাংস্কৃতিক চর্চা কেন্দ্র, অংকুর নাট্য একাডেমী, অনিকেত যাত্রাপালা শিল্পী গোষ্ঠী, বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান যুব সংঘ,

বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট, লালন গবেষণা কেন্দ্র, জাগরণ সাংস্কৃতিক গোষ্ঠী, স্বরলিপি সাংস্কৃতিক গোষ্ঠী, পিয়াল বন্ধন শিল্পী গোষ্ঠী, জেলা নাট্য সমন্বয় পরিষদ, সুরের ভুবন, মানবাধিকার নাট্য পরিষদসহ জেলার ২২ টি স্ং◌াস্কৃতিক সংগঠন অংশ নেয়। ঘন্টাব্যাপী চলা এই মানববন্ধনে সাংস্কৃতিক কর্মী, রাজনৈতিক ব্যক্তিত্বসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।

সেসময় বক্তব্য রাখেন, সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি শান্ত জোয়ার্দ্দার, সাধারণ সম্পাদক বাবুল আক্তার লাল্টু, গণশিল্পী সংস্থার আব্দুস সালাম, অংকুর নাট্য একাডেমীর সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াস, বিহঙ্গ সাংস্কৃতিক চর্চা কেন্দ্রের সাধারণ সম্পাদক শাহীনুর আলম লিটনসহ অন্যান্যরা। কর্মসূচীতে ঝিনাইদহ চেম্বার অব কমার্স, জেলা দোকান মালিক সমিতি একাত্বতা ঘোষণা করে বক্তব্য দেন।

সেসময় বক্তারা বলেন, সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার হত্যার ঘটনায় সাইদুল করিম মিন্টুকে গ্রেফতার করেছে ডিবি পুলিশ। মিন্টুকে ফাঁসানো হচ্ছে অভিযোগ করে বক্তারা তার নি:শর্ত মুক্তির দাবী জানান।

হরিণাকুণ্ডুতে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৪ এর ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল ৪ টায় উপজেলার প্রিয়নাথ স্কুল এন্ড কলেজ মাঠে অনুষ্ঠিত এই ফাইনাল খেলা গোল শুন্য ভাবে ড্র হয়। পরে উভয় দলের মধ্যে টাই-বেকার অনুষ্ঠিত হয়। উক্ত টাই-বেকারে ৬-৫ গোলের ব্যবধানে বঙ্গমাতা গোল্ডকাপ টুর্নামেন্টে রহিমপুর সরকারি

প্রাথমিক বিদ্যালয চ্যাম্পিয়ন হয় এবং রানার্সআপ হয় দখলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ে◌েময়েরা।

একই ভেন্যুতে বিকাল সাড়ে ৪টায় বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনালে ৪-২ গোলের ব্যবধানে পারবর্তীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হয় এবং রানার্সআপ হয় হরিশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়।

উপজেলা নির্বাহি কর্মকর্তা আক্তার হোসেনের সভাপতিত্বে উক্ত টুর্ণামেন্টের প্রধান অতিথি হিসেবে ছিলেন, উপজেলা চেয়ারম্যান সাইফুল ইসলাম টিপু মল্লিক। বিশেষ অতিথি ছিলেন সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায়, উপজেলা ভাইস চেয়ারম্যান সাজেদুল ইসলাম ইশা। এছাড়াও হরিণাকুণ্ডু প্রিয়নাথ স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক শহিদুল ইসলাম, উপজেলা ছাত্রলীগের সাবেক আহবায়ক রিগ্যান আলী, উপজেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি সবুজ মল্লিক, উপজেলা শ্রমিকলীগের সভাপতি আব্দুল হান্নানসহ উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

সার্বিক তত্বাবধানে ছিলেন উপজেলা শিক্ষা কর্মকর্তা আব্দুর রহমান এবং অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন শিক্ষক খুরশিদ সোয়াইব বাবুল।

ঝিনাইদহে মিন্টুর মুক্তির দাবীতে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন

ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার হত্যার ঘটনায় জিজ্ঞাসাবাদের জন্য আটক জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুর মুক্তির দাবীতে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৩ জুন) দুপুর ১২ টার সময় শহরের পোস্ট অফিস মোড়ে জেলা দোকান মালিক সমিতি ও চেম্বার অব কর্মাস এন্ড

ইন্ডাষ্ট্রি এবং পরিবেশক সমিতির পক্ষ থেকে এ কর্মসূচীর আয়োজন করা হয়। এতে ব্যানার ফেস্টুন নিয়ে ব্যবসায়ী, রাজনৈতিক নেতৃবৃন্দসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।

সেসময় জেলা দোকান মালিক সমিতির সাধারন সম্পাদক মনোয়ারুল ইসলাম মন্টু, সহ-সাধারন সম্পাদক মতিয়ার রহমান, সাংগঠনিক সম্পাদক আব্দুল আওয়াল, চেম্বার অফ কর্মাসের নেতা মোয়াজ্জেম হোসেন, মুন্সি মার্কেটের সভাপতি রবিউল ইসলাম রবিসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, এমপি আনার হত্যার ঘটনাকে ভিন্ন খাতে প্রভাবিত করার চেষ্টা করা হচ্ছে। সেখানে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুকে নির্দোষ দাবী করে তার দ্রুত মুক্তির দাবী জানানো হয় কর্মসূচী থেকে। পরে সেখান থেকে একটি বিক্ষোভ মিছিল বের করে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে ।

হরিণাকুণ্ডু পৌরসভায় ভিজিএফের চাল বিতরণ

পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে প্রধানমন্ত্রীর দেওয়া ১০কেজি করে ভিজিএফ’র চাল ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌরসভায় ৩হাজার ৮১টি দুস্থ ও অসহায় পরিবারের মাঝে বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৩ জুন) দিনব্যাপী এ চাল বিতরণ করা হয়।

সেসময় হরিণাকুণ্ডু পৌরসভার মেয়র ফারুক হোসেন, ট্যাগ অফিসার পিআইও অফিসের সহকারী প্রকৌশলী হাবিবুর রহমান, পৌরসভার সচিব, কাউন্সিলর, মহিলা কাউন্সিলরসহ স্থানীয় আওয়ামী লীগের নেতৃৃবৃন্দ উপস্থিত ছিলেন।

দিনভর এই কর্মসূচীতে পৌরসভার ৯টি ওয়ার্ডের ৩ হাজার ৮১ টি পরিবারের মাঝে ১০ কেজি করে চাল বিতরণ করা হয়।

ঝিনাইদহে ভিজিএফের চাল বিতরণ

পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে ঝিনাইদহের ঘোড়শাল ইউনিয়ন পরিষদে দুস্থ ও অসহায় পরিবারের মাঝে ভিজিএফ’র চাল বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৩ জুন) দিনব্যাপী এ চাউল বিতরণ করা হয়।

সেসময় ঘোড়শাল ইউনিয়নের ইউপি চেয়ারম্যান পারভেজ মাসুদ লিলটন, ইউপি সচিব প্রতাপ আদিত্য বিশ্বাস, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রনজিৎ কুমার বিশ্বাস, ইউনিয়নের হিসাব সহকারী রোকসানা খাতুন, ইউপি সদস্য আশরাফুল ইসলাম, প্রতাপ বিশ্বাস, জাহিদুল ইসলাম দুদু, আবুজার মোল্লাসহ স্থানীয় আওয়ামী লীগের নেতৃৃবৃন্দ উপস্থিত ছিলেন।

দিনভর এই কর্মসূচীতে ওই ইউনিয়নের ১৪ গ্রামের ১ হাজার ৫৫৪ টি পরিবারের মাঝে প্রধানমন্ত্রীর দেওয়া ১০ কেজি করে চাউল বিতরণ করা হয়।

শৈলকুপার ভাটই বাজারে ট্রাকের ধাক্কায় যুবকের মৃ*ত্যু

ঝিনাইদহে সিমেন্ট বোঝায় ট্রাকের চাকায় পৃষ্ঠ হয়ে আবীর হোসেন
(১২) নামের এক যুবকের মৃত্যু হয়েছে। আজ বুধবার দুপুরে জেলার শৈলকুপার ভাটই বাজারে এ ঘটনা ঘটে। মৃত আবীর উপজেলার দুধসর চর এলাকার শানু বিশ্বাসের ছেলে।

পুলিশ ও স্থানীয়রা জানায়, দুপুরে বাসা থেকে দাদীকে সাথে নিয়ে ভাটই বাজারে ছাগল বিক্রির জন্য এসেছিল আবীর। পথেই রাস্তার পাশে দাড়িয়ে থাকা অবস্থায় পেছনের দিক থেকে আসা একটি সিমেন্ট বোঝায় ট্রাক তাকে চাপা দিলে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। পরে পুলিশ

নিহতের লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠায়।

ঝিনাইদহ শৈলকুপা থানার ওসি মোঃ সফিকুল ইসলাম চৌধুরী ঘটনার সত্যতা স্বীকার করে জানান, ঘাতক ট্রাক ও চালককে আটক করা হয়েছে এ বিষয়ে থানায় মামলা প্রক্রিয়াধীন রয়েছে।